গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- ৩৩.০১.০০০০.১০১.২৪.৯১৩.২২-২২০৭

তারিখঃ- ২৯/০৯/২০২২ খ্রিঃ
১৪/০৬/১৪২৯ বঃ

অফিস আদেশ

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অনুমতি সাপেক্ষে প্রাণিসম্পদ অধিদপ্তরের সাথে বাংলাদেশ ট্রেড ফ্যাসিলিটেশন (BTF) প্রকল্পের স্বাক্ষরিত সমঝোতা স্মারকের বাধ্যবাধকতায় প্রাণিসম্পদ সেক্টরের আমদানি-রপ্তানি বাণিজ্য পরিচালনার জন্য অস্থায়ী ভিত্তিতে 'ইন্টারন্যাশনাল ট্রেড উইং' এবং উক্ত উইংয়ের অভ্যন্তরে 'আন্তঃসীমান্ত বাণিজ্য ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট' এতদ্বারা গঠন করা হলো।

সংযুক্তি-

১। ইন্টারন্যাশনাল ট্রেড ইউং এর কর্মপরিধি ও পদসমূহের দায়িত্বাবলী ৯ (নয়) পাতা।
২। আন্তঃসীমান্ত বাণিজ্য ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট এর কর্মপরিধি ও পদসমূহের দায়িত্বাবলী ৭ (সাত) পাতা।

২৯/৯/২০২২

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

বিতরণ :-

১. পরিচালক, প্রশাসন/ সম্প্রসারণ/ উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ অধিদপ্তর, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।
৩. পরিচালক, পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪. পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ সিলেট/ রাজশাহী/ খুলনা / বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ।
৫. পরিচালক, হিসাব, বাজেট ও নিরীক্ষা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৬. পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৭. পরিচালক, কেন্দ্রীয় মুরগী খামার, মিরপুর, ঢাকা।
৮. পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা।
৯. পরিচালক, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা।
১০. পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১১. উপপরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১২. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল) . . . . ।
১৩. উপপরিচালক,. . . . . ।
১৪. উপপরিচালক (লেজিসলেশন, নিবন্ধন ও সার্টিফিকেশন) শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৫. উপপরিচালক, প্রাণিস্বাস্থ্য শাখা/ খামার/ মানব সম্পদ উন্নয়ন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৬. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ... ।
১৭. জনাব মোঃ শামীম হোসেন, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং, রিজার্ভ পদ, সংযুক্তি- আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা
১৮. চীফ, পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২০. . . . . ।
২১. অফিস কপি।

সদয় অবগতির জন্য

সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

ইন্টারন্যাশনাল ট্রেড উইং
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

কর্মপরিধি

[প্রাণিসম্পদ সেক্টরের আমদানি-রপ্তানি বাণিজ্য নিয়ন্ত্রণ, বাণিজ্য ঝুঁকি ব্যবস্থাপনা ও সমন্বয়কারী উইং হিসেবে কাজ করবে এবং মহাপরিচালকের নিকট প্রশাসনিক দায়বদ্ধতা থাকবে]

১) প্রাণিজ পণ্য ও উৎপাদন উপকরণের (আমদানি-রপ্তানি আইটেম) Harmonized System কোডভিত্তিক তালিকা প্রণয়ন এবং অভ্যন্তরীণ উৎপাদন, দেশজ চাহিদা ও মূল্য পরিস্থিতি বিশ্লেষণপূর্বক আইটেমভিত্তিক প্রাপ্যতা ও অর্থবছরের আমদানি-রপ্তানির প্রক্ষেপণ প্রস্তুতকরণ;

২) প্রাণিজ পণ্য ও উৎপাদন উপকরণের আন্তর্জাতিক বাজার অনুসন্ধান, যোগাযোগ রক্ষা এবং ট্যারিফ ও নন-ট্যারিফ প্রতিবন্ধকতার (দেশভিত্তিক) তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ এবং নিরসনে উদ্যোগ গ্রহণ;

৩) প্রাণিসম্পদ সেক্টরের আমদানি-রপ্তানিকারক প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান, রপ্তানি পণ্যের গুণগত মান সংরক্ষণে পদক্ষেপ গ্রহণ এবং আন্তর্জাতিক বাণিজ্য বিষয়ে সরকারি-বেসরকারি সংস্থাকে তথ্যগত সহায়তা ও মতামত/পরামর্শ প্রদান;

৪) প্রাণিসম্পদ সেক্টরে ট্রেসেবিলিটি'সহ HACCP (Hazard Analysis and Critical Control Points) ভিত্তিক রপ্তানি প্রক্রিয়াকরণ শিল্পের প্রসারে উদ্বুদ্ধকরণ ও সহযোগিতা প্রদান;

৫) আমদানি-রপ্তানিকারক প্রতিষ্ঠান এবং রপ্তানি সম্পৃক্ত কনট্রাক্ট গ্রোয়ার, ফার্মার, প্রডিউসার প্রভৃতির ডাটাবেজ সংরক্ষণ ও হালনাগাদকরণ, কর্মচারী ও অংশীজনের দক্ষতা উন্নয়নে ওরিয়েন্টেশন/ওয়ার্কশপ/প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ এবং নিয়ন্ত্রক সংস্থার সাথে অংশীজনের কার্যকর যোগাযোগ প্রতিষ্ঠা

৬) ভ্যালু চেইন স্টেকহোল্ডারদের জন্য 'Farm to Fork approach' ভিত্তিক কমপ্লায়েন্স ম্যানুয়াল, পরিদর্শন প্রোটোকল (Inspection Protocol) ও সার্টিফিকেশন প্রোটোকল (Certification Protocol) প্রণয়ন;

৭) WOAH, WTO সহ বাণিজ্য সংশ্লিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের নির্ধারিত প্রোটোকল অনুসরণ এবং প্রাণিজ পণ্য ও উৎপাদন উপকরণের আমদানি-রপ্তানি কার্যক্রম পরিচালনা;

৮) রপ্তানি পণ্যের মান নিয়ন্ত্রণে কমপ্লায়েন্স নির্দেশিকা অনুসরণে নিয়মিত তদারকি অব্যাহত রাখা;

৯) আমদানি-রপ্তানি নীতি প্রণয়নে অংশীজনের সামগ্রিক স্বার্থরক্ষায় পরামর্শ/মতামত প্রদান এবং আন্তর্জাতিক বাণিজ্য পরিচালনায় উদ্ভূত সমস্যা সমাধানে কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান;

১০) আমদানিকারক ও রপ্তানিকারকের আবেদনের প্রেক্ষিতে সার্টিফিকেট/অনুমতি পত্র প্রদান;

১১) ট্রান্সবাউন্ডারি এনিমেল ডিজিজ ও জুনোটিক রোগের (WOAH তালিকাভুক্ত) দেশে অনুপ্রবেশ রোধে কোয়ারেন্টাইন প্রোটোকলের বাস্তবায়ন ও তদারকি এবং বহির্বিশ্বে তালিকাভুক্ত রোগ ছড়িয়ে পড়া রোধ তথা রপ্তানি বাণিজ্য নির্বিঘ্ন করতে মাঠপর্যায়ে রোগ প্রতিরোধ কার্যক্রম পর্যবেক্ষণ ও সমন্বয় সাধন;

১২) আমদানি-রপ্তানি বাণিজ্যের 'উপযুক্ত কর্তৃপক্ষ' (Competent Authority) তথা কেন্দ্রীয়, আঞ্চলিক ও স্থানীয় কর্তৃপক্ষ নির্ধারণ এবং কর্তৃপক্ষের সুনির্দিষ্ট কাঠামো ও দায়িত্বাবলী ঘোষণা;

১৩) সকল ভ্যালু চেইন পণ্যের আমদানি-রপ্তানি বাণিজ্য নিয়ন্ত্রণে বিদ্যমান আইন ও বিধিমালার সীমাবদ্ধতা চিহ্নিতকরণ এবং নিরসনে ব্যবস্থা গ্রহণ;

১৪) আমদানি-রপ্তানি বাণিজ্য সহজিকরণে পণ্যভিত্তিক আমদানি/রপ্তানি প্রোটোকল প্রণয়ন ও বাস্তবায়ন;

১৫) আন্তর্জাতিক বাণিজ্য সংশ্লিষ্ট টেস্টিং ল্যাবসমূহের সক্ষমতা সৃজন, এক্রিডিটেশন ও নমুনা পরীক্ষার সেবা প্রদান পদ্ধতি ডিজিটালাইজেশন;

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

১৬) রপ্তানি বাণিজ্যে প্রাতিষ্ঠানিক পর্যায়ে 'ট্রেসেবিলিটি (Traceability)' ব্যবস্থা ও কনসাইনমেন্ট বাতিল (Recall System) সুবিধা প্রবর্তন;

১৭) রপ্তানি বাণিজ্যে ভ্যালু চেইন পণ্যের রেসিডিউয়াল (এন্টিবায়োটিক, ভারী ধাতু, স্টেরয়েডস, হরমোন প্রভৃতি) সমস্যা উত্তরণে সময়াবদ্ধ নির্দেশকভিত্তিক (Indicator based) সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;

১৮) 'উপযুক্ত কর্তৃপক্ষ' (Competent Authority), বাণিজ্য ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, কমপ্লায়েন্ট টেস্টিং ল্যাবরেটরি ও কোয়রেন্টাইন স্টেশন/পয়েন্ট এর মাঝে কার্যকর অন্ত:সংস্থা ও আন্ত:সংস্থা সমন্বয় প্রতিষ্ঠা;

১৯) প্রানিজ পণ্যের মান বিষয়ে 'বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ' (BFSA), 'বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন' (BSTI) ও অন্যান্য সংস্থার সাথে তথ্য বিনিময় এবং কারিগরি ও কৌশলগত সহায়তা প্রদান;

২০) আমদানি-রপ্তানি বাণিজ্যের HS কোডভিত্তিক মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন দাখিল।

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

ইন্টারন্যাশনাল ট্রেড উইং
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

☐ **পদের নাম: পরিচালক (ট্রেড)** [প্রাণিসম্পদ খাতে আন্তর্জাতিক বাণিজ্য পরিচালনায় প্রাতিষ্ঠানিক নেতৃত্ব প্রদান এবং আমদানি-রপ্তানি বাণিজ্য ও বাণিজ্য ঝুঁকি ব্যবস্থাপনা কার্যক্রমের সার্বিক তদারকি, মূল্যায়ন, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণ করবেন]

১) প্রাণিজ পণ্য ও উৎপাদন উপকরণের অভ্যন্তরীণ উৎপাদন, দেশজ চাহিদা ও মূল্য পরিস্থিতি বিশ্লেষণপূর্বক আইটেমভিত্তিক প্রাপ্যতা এবং অর্থবছরের আমদানি-রপ্তানির প্রক্ষেপন (Projection) কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন

২) প্রাণিজ পণ্য ও উৎপাদন উপকরণের আন্তর্জাতিক বাজার অনুসন্ধান, যোগাযোগ রক্ষা এবং ট্যারিফ ও নন-ট্যারিফ প্রতিবন্ধকতা (দেশভিত্তিক) নিরসনে উদ্যোগ গ্রহণ করবেন

৩) আমদানি-রপ্তানিকারক প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান ও রপ্তানি পণ্যের গুণগত মান সংরক্ষণে পদক্ষেপ গ্রহণ এবং আন্তর্জাতিক বাণিজ্য বিষয়ে সরকারি-বেসরকারি সংস্থাকে তথ্যগত সহায়তা ও মতামত/পরামর্শ প্রদানের উদ্যোগ গ্রহণ করবেন

৪) ট্রেসেবিলিটি'সহ HACCP (Hazard Analysis and Critical Control Points) ভিত্তিক রপ্তানি প্রক্রিয়াকরণ শিল্পের প্রসারে উদ্যোগ গ্রহণ ও সহযোগিতা প্রদান করবেন

৫) আমদানি-রপ্তানিকারক প্রতিষ্ঠান এবং রপ্তানি সম্পৃক্ত প্রতিষ্ঠান/খামারের ডাটাবেজ গঠন, দক্ষতা উন্নয়ন এবং অংশীজনের সাথে যোগাযোগ প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করবেন

৬) 'Farm to Fork approach' ভিত্তিক কমপ্লায়েন্স ম্যানুয়াল, পরিদর্শন প্রোটোকল (Inspection Protocol) ও সার্টিফিকেশন প্রোটোকল (Certification Protocol) প্রণয়নের উদ্যোগ গ্রহণ এবং প্রস্তুতকৃত খসড়া ভ্যালিডেশনের ব্যবস্থা গ্রহণ করবেন

৭) আমদানি-রপ্তানি নীতি প্রণয়নে অংশীজনের সামগ্রিক স্বার্থরক্ষায় পরামর্শ/মতামত প্রদানসহ সমন্বয় সাধন করবেন এবং WOAH, WTO সহ আন্তর্জাতিক বাণিজ্য পরিচালনায় উদ্ভূত সমস্যা সমাধানে 'কর্তৃপক্ষকে' তথ্যনির্ভর পরামর্শ প্রদান করবেন

৮) ট্রান্সবাউন্ডারি এনিমেল ডিজিজ ও জুনোটিক রোগের (WOAH তালিকাভুক্ত) অনুপ্রবেশ রোধে কোয়ারেন্টাইন প্রোটোকলের বাস্তবায়ন ও তদারকি করবেন এবং বহির্বিশ্বে তালিকাভুক্ত রোগ ছড়িয়ে পড়া রোধ তথা রপ্তানি বাণিজ্য নির্বিঘ্ন করতে মাঠপর্যায়ে রোগ প্রতিরোধ কার্যক্রম পর্যবেক্ষণ ও সমন্বয় সাধনের উদ্যোগ গ্রহণ করবেন

৯) সকল ভ্যালু চেইন পণ্যের আমদানি-রপ্তানি বাণিজ্য নিয়ন্ত্রণে বিদ্যমান আইন ও বিধিমালার পর্যালোচনা ও সুপারিশের আলোকে সংশোধনের প্রস্তাব প্রেরণ করবেন

১০) আমদানি-রপ্তানি বাণিজ্যের 'উপযুক্ত কর্তৃপক্ষ' (Competent Authority) তথা কেন্দ্রীয়, আঞ্চলিক ও স্থানীয় কর্তৃপক্ষ নির্ধারণ এবং কর্তৃপক্ষের সুনির্দিষ্ট কাঠামো ও দায়িত্বাবলী ঘোষণার উদ্যোগ গ্রহণ করবেন

১১) রপ্তানি বাণিজ্যে ভ্যালু চেইন পণ্যের রেসিডিউয়াল (এন্টিবায়োটিক, ভারী ধাতু, স্টেরয়েডস, হরমোন প্রভৃতি) সমস্যা উত্তরণে ক্রিটিক্যাল ভ্যালু (Maximum Residue level) নির্ধারণের উদ্যোগ গ্রহণসহ সময়াবদ্ধ নির্দেশকভিত্তিক (Indicator based) সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবেন

১২) 'উপযুক্ত কর্তৃপক্ষ' (Competent Authority), বাণিজ্য ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, কমপ্লায়েন্ট টেস্টিং ল্যাবরেটরি ও কোয়ারেন্টাইন স্টেশন/পয়েন্ট এর মাঝে কার্যকর অভ্যন্তরীন এবং আন্ত:সংস্থা সমন্বয় প্রতিষ্ঠা করবেন

১৩) আমদানি-রপ্তানি বাণিজ্য সহজিকরণে পণ্যভিত্তিক আমদানি/রপ্তানি প্রোটোকল প্রণয়নে উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করবেন

১৪) আন্তর্জাতিক বাণিজ্য সংশ্লিষ্ট টেস্টিং ল্যাবসমূহের সক্ষমতা সৃজন, এক্রিডিটেশন ও নমুনা পরীক্ষার সেবা প্রদান পদ্ধতি ডিজিটালাইজেশনের উদ্যোগ গ্রহণ করবেন

১৫) প্রাতিষ্ঠানিক পর্যায়ে 'ট্রেসেবিলিটি (Traceability)' ব্যবস্থা ও কনসাইনমেন্ট বাতিল (Recall System) সুবিধা প্রবর্তনের উদ্যোগ গ্রহণ ও প্রস্তাবিত পদ্ধতি চূড়ান্ত করবেন;

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

১৬) মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করবেন এবং বার্ষিক প্রতিবেদন তৈরীর উদ্যোগ গ্রহণ, নেতৃত্ব প্রদান ও চূড়ান্তকৃত প্রতিবেদন মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরের নিকট উপস্থাপন করবেন

১৭) উর্ধ্বতন কর্তৃপক্ষ অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

☐ **পদের নাম: উপপরিচালক (রপ্তানি)** [রপ্তানি বাণিজ্যের ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করবেন এবং তদারকি, মূল্যায়ন, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণে সহায়তা করবেন]

১) রপ্তানি আইটেমের Harmonized System কোডভিত্তিক খসড়া তালিকা চূড়ান্ত করবেন এবং অভ্যন্তরীণ উৎপাদন, দেশজ চাহিদা ও মূল্য পরিস্থিতি বিশ্লেষণপূর্বক আইটেমভিত্তিক প্রাপ্যতা ও অর্থবছরের রপ্তানি পণ্যের প্রক্ষেপন (Projection) প্রস্তুত করবেন

২) প্রাণিজ পণ্য ও উৎপাদন উপকরণের রপ্তানি বাজার অনুসন্ধান ও যোগাযোগ রক্ষা'র দায়িত্ব পালন এবং ট্যারিফ ও নন-ট্যারিফ প্রতিবন্ধকতার (দেশভিত্তিক) সংগৃহীত তথ্য বিশ্লেষণ ও নিরসনে কৌশল প্রণয়ন করবেন

৩) রপ্তানি বাণিজ্যে নিয়োজিত সরকারি-বেসরকারি সংস্থাকে অনুমতি সাপেক্ষে আন্তর্জাতিক বাণিজ্য বিষয়ে সরকারি-বেসরকারি সংস্থাকে তথ্যগত সহায়তা ও মতামত/পরামর্শ প্রদান করবেন

৪) রপ্তানিকারক প্রতিষ্ঠান এবং রপ্তানি সম্পৃক্ত কনট্রাক্ট গ্রোয়ার, ফার্মার, প্রডিউসার প্রভৃতির ডাটাবেজ সংরক্ষণ ও নিয়মিত আপডেট করবেন এবং কর্মচারী ও অংশীজনের দক্ষতা উন্নয়নে ওরিয়েন্টেশন/ওয়ার্কশপ/প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন

৫) 'Farm to Fork approach' ভিত্তিক কমপ্লায়েন্স ম্যানুয়াল, পরিদর্শন প্রোটোকল (Inspection Protocol) ও সার্টিফিকেশন প্রোটোকলের (Certification Protocol) খসড়া প্রস্তুত ও উপস্থাপন করবেন

৬) WOAH, WTO সহ বাণিজ্য সংশ্লিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের নির্ধারিত প্রোটোকল অনুসরণ করে প্রাণিজ পণ্য ও উৎপাদন উপকরণের রপ্তানি কার্যক্রম পরিচালনা করবেন

৭) অংশীজনের কমপ্লায়েন্স নির্দেশিকা অনুসরণে নিয়মিত পরিদর্শন ও তদারকি অব্যাহত রাখবেন

৮) রপ্তানি নীতি প্রণয়নে অংশীজনের সামগ্রিক স্বার্থরক্ষায় পরামর্শ/মতামতের খসড়া প্রস্তুত করবেন এবং রপ্তানি বাণিজ্য পরিচালনায় উদ্ভূত সমস্যা সমাধানে 'কর্তৃপক্ষকে' সহায়তা প্রদান করবেন

৯) রপ্তানিকারকের আবেদনের প্রেক্ষিতে সার্টিফিকেট/অনুমতি পত্র প্রদান করবেন

১০) ট্রান্সবাউন্ডারি এনিমেল ডিজিজ ও জুনোটিক রোগ (WOAH তালিকাভুক্ত) বহির্বিশ্বে ছড়িয়ে পড়া রোধ তথা রপ্তানি বাণিজ্য নির্বিঘ্ন করতে মাঠপর্যায়ে রোগ প্রতিরোধ কার্যক্রম পর্যবেক্ষণ ও সমন্বয় সাধন করবেন

১১) সকল ভ্যালু চেইন পণ্যের রপ্তানি বাণিজ্য নিয়ন্ত্রণে বিদ্যমান আইন ও বিধিমালার চিহ্নিত 'সীমাবদ্ধতা' সংশোধনে খসড়া প্রস্তাব প্রস্তুত ও উপস্থাপন করবেন

১২) রপ্তানি বাণিজ্য সহজিকরণে পণ্যভিত্তিক রপ্তানি প্রোটোকলের খসড়া প্রস্তুত ও উপস্থাপন করবেন

১৩) রপ্তানি বাণিজ্যে প্রাতিষ্ঠানিক পর্যায়ে 'ট্রেসেবিলিটি (Traceability)' ব্যবস্থা ও কনসাইনমেন্ট বাতিল (Recall System) সুবিধা প্রবর্তনে সুনির্দিষ্ট মডেল উপস্থাপন করবেন

১৪) রপ্তানি বাণিজ্যে ভ্যালু চেইন পণ্যের রেসিডিউয়াল (এন্টিবায়োটিক, ভারী ধাতু, স্টেরয়েডস, হরমোন প্রভৃতি) সমস্যা উত্তরণে ক্রিটিক্যাল ভ্যালু (Maximum Residue level) চিহ্নিতকরণসহ সময়াবদ্ধ নির্দেশকভিত্তিক (Indicator based) সুনির্দিষ্ট কর্মপরিকল্পনার খসড়া প্রস্তুত ও উপস্থাপন করবেন

১৫) মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করবেন এবং বার্ষিক প্রতিবেদনের (রপ্তানি অংশ) খসড়া প্রস্তুত ও উপস্থাপন করবেন

১৬) উর্ধ্বতন কর্তৃপক্ষ অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

☐ **পদের নাম: সিনিয়র সহকারী পরিচালক (রপ্তানি)** [রপ্তানি বাণিজ্য পরিচালনায় সহায়ক ভূমিকা পালন করবেন]

১) রপ্তানি আইটেমের Harmonized System কোডভিত্তিক খসড়া তালিকা প্রস্তুত করবেন এবং অভ্যন্তরীণ উৎপাদন, দেশজ চাহিদা ও মূল্য পরিস্থিতি বিশ্লেষণপূর্বক আইটেমভিত্তিক প্রাপ্যতা ও অর্থবছরের রপ্তানি পণ্যের প্রক্ষেপন (Projection) প্রস্তুতে সহায়তা করবেন

২) প্রাণিজ পণ্য ও উৎপাদন উপকরণের রপ্তানি বাজার অনুসন্ধান এবং ট্যারিফ ও নন-ট্যারিফ প্রতিবন্ধকতার (দেশভিত্তিক) তথ্য সংগ্রহ ও উপস্থাপন করবেন

৩) রপ্তানিকারক প্রতিষ্ঠান এবং রপ্তানি সম্পৃক্ত কনট্রাক্ট গ্রোয়ার, ফার্মার, প্রডিউসার প্রভৃতির ডাটাবেজ প্রস্তুত করবেন ও নিয়মিত আপডেট রাখবেন

৪) 'Farm to Fork approach' ভিত্তিক কমপ্লায়েন্স ম্যানুয়াল, পরিদর্শন প্রোটোকল (Inspection Protocol) ও সার্টিফিকেশন প্রোটোকলের (Certification Protocol) খসড়া প্রস্তুতে সহায়তা করবেন

৫) WOAH, WTO সহ বাণিজ্য সংশ্লিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের নির্ধারিত প্রোটোকলের ক্ষেত্রসমূহ চিহ্নিত করে প্রাণিজ পণ্য ও উৎপাদন উপকরণের রপ্তানি কার্যক্রম পরিচালনায় সহায়তা করবেন

৬) অংশীজনের কমপ্লায়েন্স নির্দেশিকা অনুসরণে পরিদর্শন করবেন ও প্রতিবেদন দাখিল করবেন

৭) রপ্তানি নীতি প্রণয়নে অংশীজনের সামগ্রিক স্বার্থরক্ষায় ইস্যুসমূহ চিহ্নিতকরণে সহায়তা করবেন

৮) রপ্তানি সার্টিফিকেট/অনুমতি পত্র প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় ডকুমেন্ট যাচাই ও উপস্থাপন করবেন

৯) ট্রান্সবাউন্ডারি এনিমেল ডিজিজ ও জুনোটিক রোগ (WOAH তালিকাভুক্ত) বহির্বিশ্বে ছড়িয়ে পড়া রোধ তথা রপ্তানি বাণিজ্য নির্বিঘ্ন করতে মাঠপর্যায়ে রোগ প্রতিরোধ কার্যক্রম পর্যবেক্ষণ করবেন ও প্রতিবেদন দাখিল করবেন

১০) ভ্যালু চেইন পণ্যের রপ্তানি বাণিজ্য নিয়ন্ত্রণে বিদ্যমান আইন ও বিধিমালার 'সীমাবদ্ধতা' চিহ্নিত করে উপস্থাপন করবেন

১১) রপ্তানি বাণিজ্য সহজিকরণে পণ্যভিত্তিক রপ্তানি প্রোটোকলের খসড়া প্রস্তুতে সহায়তা করবেন

১২) রপ্তানি বাণিজ্যে প্রাতিষ্ঠানিক পর্যায়ে 'ট্রেসেবিলিটি (Traceability)' ব্যবস্থা ও কনসাইনমেন্ট বাতিল (Recall System) সুবিধা প্রবর্তনে খসড়া মডেল প্রস্তুত করবেন

১৩) রপ্তানি বাণিজ্যে ভ্যালু চেইন পণ্যের রেসিডিউয়াল (এন্টিবায়োটিক, ভারী ধাতু, স্টেরয়েডস, হরমোন প্রভৃতি) সমস্যা উত্তরণে সময়াবদ্ধ নির্দেশকভিত্তিক (Indicator based) সুনির্দিষ্ট কর্মপরিকল্পনার খসড়া প্রস্তুতে সহায়তা করবেন

১৪) মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করবেন এবং বার্ষিক প্রতিবেদনের (রপ্তানি অংশ) খসড়া প্রস্তুতে সহায়তা করবেন

১৫) উর্ধ্বতন কর্তৃপক্ষ অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

☐ **পদের নাম: সিনিয়র সহকারী পরিচালক (রপ্তানি মান নিয়ন্ত্রণ)** [রপ্তানিকৃত পণ্যের মান নিয়ন্ত্রণ ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করবেন]

১) আমদানি প্রত্যাশী দেশের পণ্যের মানসংশ্লিষ্ট আবশ্যিক শর্তাদি চিহ্নিত করে পণ্যভিত্তিক খসড়া রপ্তানি প্রোটোকল প্রণয়ন করবেন

২) প্রাণিজ পণ্যের আদর্শমান (Standard) নির্ধারণে 'বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ' (BFSA), 'বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন' (BSTI) ও অন্যান্য সংস্থার সাথে তথ্য বিনিময় এবং কারিগরি ও কৌশলগত সহায়তা প্রদান করবেন

৩) WOAH, WTO সহ বাণিজ্য সংশ্লিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের নির্ধারিত মানদন্ড অনুসারে রপ্তানি বাণিজ্য পরিচালনায় সক্রিয় ভূমিকা পালনসহ রপ্তানিকারক প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধিতে ওরিয়েন্টেশন প্রোগ্রাম আয়োজন করবেন

৪) 'Farm to Fork approach' ভিত্তিক কমপ্লায়েন্স ম্যানুয়াল, পরিদর্শন প্রোটোকল (Inspection Protocol) ও সার্টিফিকেশন প্রোটোকলের (Certification Protocol) খসড়া প্রস্তুতে সহায়তা করবেন

(মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৫) ট্রেসেবিলিটি'সহ HACCP (Hazard Analysis and Critical Control Points) ভিত্তিক রপ্তানি পণ্য উৎপাদন ও প্রক্রিয়াকরণে কারিগরি সহায়তা প্রদান করবেন

৬) ভেটেরিনারি হেলথ সার্টিফিকেট ও স্যানিটারি সার্টিফিকেট প্রভৃতি যাচাই করবেন

৭) রপ্তানি পণ্যের মানসংশ্লিষ্ট ডকুমেন্টস যাচাই ও উপযুক্ততা পর্যবেক্ষণপূর্বক মতামত প্রদান করবেন

৮) রপ্তানি বাণিজ্যে প্রাতিষ্ঠানিক পর্যায়ে 'ট্রেসেবিলিটি (Traceability)' ব্যবস্থা ও কনসাইনমেন্ট বাতিল (Recall System) সুবিধা প্রবর্তনে খসড়া মডেল প্রস্তুত করবেন

৯) রপ্তানি বাণিজ্যে ভ্যালু চেইন পণ্যের রেসিডিউয়াল (এন্টিবায়োটিক, ভারী ধাতু, স্টেরয়েডস, হরমোন প্রভৃতি) সমস্যা উত্তরণে সময়াবদ্ধ নির্দেশকভিত্তিক (Indicator based) সুনির্দিষ্ট কর্মপরিকল্পনার খসড়া প্রস্তুতে সহায়তা করবেন

১০) আন্তর্জাতিক বাণিজ্য সংশ্লিষ্ট টেস্টিং ল্যাবসমূহের সক্ষমতা সৃজন, এক্রিডিটেশন ও ডিজিটালাইজেশনের ক্ষেত্রসমূহ চিহ্নিত করে উপস্থাপন করবেন

১১) আমদানি-রপ্তানি সংশ্লিষ্ট মান নিয়ন্ত্রণ গবেষণাগার জনবলের সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন

১২) রপ্তানি বাণিজ্যে নিয়োজিত রপ্তানিকারক প্রতিষ্ঠান, কনট্রাক্ট খামার, প্রসেসিং প্ল্যান্ট, কোয়ারেন্টাইন স্টেশন প্রভৃতি পরিদর্শন, তদারকি, সমন্বয় ও পরামর্শ প্রদান করবেন

১৩) আন্তর্জাতিক মানদন্ড অনুসারে রপ্তানি পন্যের মান পরীক্ষা/যাচাইয়ে গবেষণাগারের সীমাবদ্ধতা চিহ্নিত করে উপস্থাপন করবেন

১৪) মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করবেন এবং বার্ষিক প্রতিবেদনের (রপ্তানি অংশ) খসড়া প্রস্তুতে সহায়তা করবেন

১৫) উর্ধ্বতন কর্তৃপক্ষ অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

☐ **পদের নাম: উপপরিচালক (আমদানি)** [আমদানি বাণিজ্যের ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করবেন এবং তদারকি, মূল্যায়ন, সমন্বয় সাধন ও নিয়ন্ত্রণে সহায়তা করবেন]

১) আমদানি আইটেমের Harmonized System কোডভিত্তিক খসড়া তালিকা চূড়ান্ত করবেন এবং অভ্যন্তরীণ উৎপাদন, দেশজ চাহিদা ও মূল্য পরিস্থিতি বিশ্লেষণপূর্বক আইটেমভিত্তিক প্রাপ্যতা ও অর্থবছরের আমদানি পণ্যের প্রক্ষেপন (Projection) প্রস্তুত করবেন

২) প্রাণিজ পণ্য ও উৎপাদন উপকরণের উপযুক্ত বাজার অনুসন্ধান ও যোগাযোগ রক্ষা'র দায়িত্ব পালন এবং ট্যারিফ ও নন-ট্যারিফ প্রতিবন্ধকতার (দেশভিত্তিক) সংগৃহীত তথ্য বিশ্লেষণ ও নিরসনে কৌশল প্রণয়ন করবেন

৩) আমদানি বাণিজ্যে নিয়োজিত সরকারি-বেসরকারি সংস্থাকে অনুমতি সাপেক্ষে তথ্যগত সহায়তা প্রদান করবেন

৪) আমদানিকারক প্রতিষ্ঠানের ডাটাবেজ সংরক্ষণ ও নিয়মিত আপডেট করবেন এবং আমদানি পণ্যের মান নিয়ন্ত্রণে জনবলের দক্ষতা উন্নয়নে ওরিয়েন্টেশন/ওয়ার্কশপ/প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন

৫) আমদানি পণ্যের পরিদর্শন প্রোটোকলের (Inspection Protocol) খসড়া প্রস্তুত করবেন এবং কমপ্লায়েন্স ও সার্টিফিকেশন ডকুমেন্ট যাচাই করবেন

৬) WOAH, WTO সহ বাণিজ্য সংশ্লিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের নির্ধারিত মানদন্ড অনুসরণ করে প্রাণিজ পণ্য ও উৎপাদন উপকরণের আমদানি কার্যক্রম পরিচালনা করবেন

৭) অংশীজনের কমপ্লায়েন্স শর্তাবলী প্রতিপালনে নিয়মিত পরিদর্শন ও তদারকি অব্যাহত রাখবেন

৮) আমদানি নীতি প্রণয়নে অংশীজনের সামগ্রিক স্বার্থরক্ষায় পরামর্শ/মতামতের খসড়া প্রস্তুত করবেন এবং আমদানি বাণিজ্য পরিচালনায় উদ্ভূত সমস্যা সমাধানে 'কর্তৃপক্ষকে' সহায়তা প্রদান করবেন

৯) আমদানিকারকের আবেদনের প্রেক্ষিতে 'অনাপত্তি পত্র (NOC)' প্রদান করবেন

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

১০) ট্রান্সবাউন্ডারি এনিমেল ডিজিজ ও জুনোটিক রোগের (WOAH তালিকাভুক্ত) অনুপ্রবেশ রোধে কোয়ারেন্টাইন প্রোটোকলের বাস্তবায়ন, তদারকি, পর্যবেক্ষণ ও সমন্বয় সাধন করবেন

১১) ভ্যালু চেইন পণ্যের আমদানি বাণিজ্য নিয়ন্ত্রণে বিদ্যমান আইন ও বিধিমালার চিহ্নিত 'সীমাবদ্ধতা' সংশোধনে খসড়া প্রস্তাব প্রস্তুত ও উপস্থাপন করবেন

১২) আমদানি বাণিজ্য সহজিকরণে পণ্যভিত্তিক আমদানি প্রোটোকলের খসড়া প্রস্তুত ও উপস্থাপন করবেন

১৩) আমদানি বাণিজ্যে প্রাতিষ্ঠানিক পর্যায়ে 'ট্রেসেবিলিটি (Traceability)' ডকুমেন্টেশন যাচাই ও কনসাইনমেন্ট বাতিল (Recall System) সুবিধা প্রবর্তনে সুনির্দিষ্ট মডেল উপস্থাপন করবেন

১৪) আমদানি বাণিজ্যে ভ্যালু চেইন পণ্যের রেসিডিউয়াল (এন্টিবায়োটিক, ভারী ধাতু, স্টেরয়েডস, হরমোন প্রভৃতি) সমস্যা যাচাইয়ে সময়াবদ্ধ নির্দেশকভিত্তিক (Indicator based) সুনির্দিষ্ট কর্মপরিকল্পনার খসড়া প্রস্তুত ও উপস্থাপন করবেন

১৫) মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলসহ বার্ষিক প্রতিবেদনের (আমদানি অংশ) খসড়া প্রস্তুত ও উপস্থাপন করবেন

১৬) উর্ধ্বতন কর্তৃপক্ষ অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

☐ **পদের নাম: সিনিয়র সহকারী পরিচালক (আমদানি)** [আমদানি বাণিজ্য পরিচালনায় সহায়ক ভূমিকা পালন করবেন]

১) আমদানি আইটেমের Harmonized System কোডভিত্তিক খসড়া তালিকা প্রস্তুত করবেন এবং অভ্যন্তরীণ উৎপাদন, দেশজ চাহিদা ও মূল্য পরিস্থিতি বিশ্লেষণপূর্বক আইটেমভিত্তিক প্রাপ্যতা ও অর্থবছরের আমদানি পণ্যের প্রক্ষেপন (Projection) প্রস্তুতে সহায়তা করবেন

২) প্রাণিজ পণ্য ও উৎপাদন উপকরণের বাজার অনুসন্ধান এবং ট্যারিফ ও নন-ট্যারিফ প্রতিবন্ধকতার (দেশভিত্তিক) তথ্য সংগ্রহ ও উপস্থাপন করবেন

৩) আমদানিকারক প্রতিষ্ঠানের ডাটাবেজ প্রস্তুত করবেন ও নিয়মিত আপডেট রাখবেন

৪) আমদানি পণ্যের পরিদর্শন প্রোটোকলের (Inspection Protocol) খসড়া প্রস্তুত এবং কমপ্লায়েন্স ও সার্টিফিকেশন ডকুমেন্ট যাচাইয়ে সহায়তা করবেন

৫) WOAH, WTO সহ বাণিজ্য সংশ্লিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের নির্ধারিত মানদন্ড চিহ্নিত করে প্রাণিজ পণ্য ও উৎপাদন উপকরণের আমদানি কার্যক্রম পরিচালনায় সহায়তা করবেন

৬) অংশীজনের কমপ্লায়েন্স শর্তাবলী প্রতিপালনে নিয়মিত পরিদর্শন ও প্রতিবেদন দাখিল করবেন

৭) আমদানি নীতি প্রণয়নে অংশীজনের সামগ্রিক স্বার্থরক্ষায় ইস্যুসমূহ চিহ্নিতকরণে সহায়তা করবেন

৮) আবেদনের প্রেক্ষিতে 'অনাপত্তি পত্র (NOC)' প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় ডকুমেন্ট যাচাই ও উপস্থাপন করবেন

৯) ট্রান্সবাউন্ডারি এনিমেল ডিজিজ ও জুনোটিক রোগের (WOAH তালিকাভুক্ত) অনুপ্রবেশ রোধে কোয়ারেন্টাইন স্টেশন পর্যবেক্ষণ করবেন ও প্রতিবেদন দাখিল করবেন

১০) ভ্যালু চেইন পণ্যের আমদানি বাণিজ্য নিয়ন্ত্রণে বিদ্যমান আইন ও বিধিমালার 'সীমাবদ্ধতা' চিহ্নিত করে উপস্থাপন করবেন

১১) আমদানি বাণিজ্য সহজিকরণে পণ্যভিত্তিক আমদানি প্রোটোকলের খসড়া প্রস্তুতে সহায়তা করবেন

১২) আমদানি বাণিজ্যে প্রাতিষ্ঠানিক পর্যায়ে 'ট্রেসেবিলিটি (Traceability)' ডকুমেন্টেশন যাচাই ও কনসাইনমেন্ট বাতিল (Recall System) সুবিধা প্রবর্তনে খসড়া মডেল প্রস্তুত করবেন

১৩) আমদানি বাণিজ্যে ভ্যালু চেইন পণ্যের রেসিডিউয়াল (এন্টিবায়োটিক, ভারী ধাতু, স্টেরয়েডস, হরমোন প্রভৃতি) সমস্যা যাচাইয়ে সময়াবদ্ধ নির্দেশকভিত্তিক (Indicator based) সুনির্দিষ্ট কর্মপরিকল্পনার খসড়া প্রস্তুতে সহায়তা করবেন

১৪) মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করবেন এবং বার্ষিক প্রতিবেদনের (আমদানি অংশ) খসড়া প্রস্তুতে সহায়তা করবেন

(ডা. মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

১৫) উর্ধ্বতন কর্তৃপক্ষ অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

☐ **পদের নাম: সিনিয়র সহকারী পরিচালক (আমদানি মান নিয়ন্ত্রণ)** [আমদানিকৃত পণ্যের মান নিয়ন্ত্রণ ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করবেন]

১) রপ্তানি প্রত্যাশী দেশের পণ্য মানের কমপ্লায়েন্স ইস্যু বিবেচনা করে খসড়া আমদানি প্রোটোকল প্রণয়ন করবেন

২) প্রাণিজ পণ্যের আদর্শমান (Standard) নির্ধারণে 'বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ' (BFSA), 'বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন' (BSTI) ও অন্যান্য সংস্থার সাথে তথ্য বিনিময় এবং কারিগরি ও কৌশলগত সহায়তা প্রদান করবেন

৩) WOAH, WTO সহ বাণিজ্য সংশ্লিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের নির্ধারিত মানদন্ড অনুসারে আমদানি বাণিজ্য পরিচালনায় সক্রিয় ভূমিকা পালনসহ আমদানিকারক প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধিতে ওরিয়েন্টেশন প্রোগ্রাম আয়োজন করবেন

৪) আমদানি পণ্যের পরিদর্শন প্রোটোকলের (Inspection Protocol) খসড়া প্রস্তুত এবং কমপ্লায়েন্স ও সার্টিফিকেশন ডকুমেন্ট যাচাইয়ে সহায়তা করবেন

৫) ট্রেসেবিলিটি'সহ HACCP (Hazard Analysis and Critical Control Points) অনুসারে আমদানি পণ্যের ডকুমেন্টেশন যাচাই করবেন

৬) ভেটেরিনারি হেলথ সার্টিফিকেট ও স্যানিটারি সার্টিফিকেট প্রভৃতি যাচাই করবেন

৭) আমদানি পণ্যের মানসংশ্লিষ্ট ডকুমেন্টস যাচাই ও উপযুক্ততা পর্যবেক্ষণপূর্বক মতামত প্রদান করবেন

৮) আমদানি বাণিজ্যে প্রাতিষ্ঠানিক পর্যায়ে 'ট্রেসেবিলিটি (Traceability)' ডকুমেন্টেশন যাচাই ও কনসাইনমেন্ট বাতিল (Recall System) সুবিধা প্রবর্তনে খসড়া মডেল প্রস্তুত করবেন

৯) আমদানি বাণিজ্যে ভ্যালু চেইন পণ্যের রেসিডিউয়াল (এন্টিবায়োটিক, ভারী ধাতু, স্টেরয়েডস, হরমোন প্রভৃতি) সমস্যা যাচাইয়ে সময়াবদ্ধ নির্দেশকভিত্তিক (Indicator based) সুনির্দিষ্ট কর্মপরিকল্পনার খসড়া প্রস্তুতে সহায়তা করবেন

১০) আন্তর্জাতিক বাণিজ্য সংশ্লিষ্ট টেস্টিং ল্যাবসমূহের সক্ষমতা সৃজন, এক্রিডিটেশন ও ডিজিটালাইজেশনের ক্ষেত্রসমূহ চিহ্নিত করে উপস্থাপন করবেন

১১) আমদানি-রপ্তানি সংশ্লিষ্ট মান নিয়ন্ত্রণ গবেষণাগার জনবলের সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন

১২) আমদানিকারক প্রতিষ্ঠান ও কোয়ারেন্টাইন স্টেশন পরিদর্শন, তদারকি, সমন্বয় ও পরামর্শ প্রদান করবেন

১৩) আন্তর্জাতিক মানদন্ড অনুসারে আমদানি পন্যের মান পরীক্ষা/যাচাইয়ে গবেষণাগারের সীমাবদ্ধতা চিহ্নিত করে উপস্থাপন করবেন

১৪) মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করবেন এবং বার্ষিক প্রতিবেদনের (আমদানি অংশ) খসড়া প্রস্তুতে সহায়তা করবেন

১৫) উর্ধ্বতন কর্তৃপক্ষ অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

আন্তঃসীমান্ত বাণিজ্য ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

কর্মপরিধি

[ইন্টারন্যশনাল ট্রেড উইং এর অভ্যন্তরে একটি পৃথক সত্তা হিসাবে কাজ করবে এবং উইং পরিচালকের কাছে প্রশাসনিক দায়বদ্ধতা থাকবে]

১) আন্তঃসীমান্ত বাণিজ্যের ঝুঁকি ও ট্রেন্ড শনাক্ত করতে জাতীয় ও আন্তর্জাতিক উৎস থেকে তথ্য ও উপাত্ত, গোয়েন্দা তথ্য প্রভৃতি সংগ্রহ; প্রাপ্ত তথ্যের যাচাই ও বিশ্লেষণ এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের জন্য ঝুঁকি রেজিস্টার প্রণয়ন ও হালনাগাদকরণ

২) পণ্যের ধরন ও বর্ণনা, বর্ডার ক্রসিং পয়েন্ট, রোগ-বালাই, উৎস দেশ, শিপমেন্ট দেশ, পরিবহনের ধরন, আমদানিকারক, সরবরাহকারী, মৌসুম প্রভৃতির উপর ভিত্তি করে ঝুঁকি মানদন্ড (Standards) ও নির্দেশকসমূহ (Indicators) নির্ধারণ

৩) ঝুঁকি প্রোফাইল প্রণয়ন, বাস্তবায়ন ও হালনাগাদকরণ এবং গোপনীয়তা রক্ষাসহ ঝুঁকির মাত্রা ও ব্যাপ্তি নির্ধারণ, ঝুঁকি নিরসন কৌশল প্রণয়ন ও প্রয়োগ

৪) ঝুঁকি মানদন্ড, নির্দেশক ও ঝুঁকি প্রোফাইলিংয়ের ফলাফল ও প্রভাব নিয়মিত পর্যালোচনা এবং তদনুযায়ী ব্যবস্থা গ্রহণ

৫) ইস্যুভিত্তিক ঝুঁকিসমূহ যথা, পণ্য পরিদর্শন, কায়িক পরীক্ষণ, রোগ-বালাই, আমদানি-রপ্তানি নীতি আদেশ ও ট্যাক্স সুবিধা কমপ্লায়েন্স, ডকুমেন্টেশন, ল্যাব টেস্ট প্রভৃতি চিহ্নিতকরণ ও মূল্যায়ন

৬) প্রাণী ও প্রাণিজ পণ্যের আন্তর্জাতিক বাণিজ্য সম্পর্কিত দেশীয় ও আন্তর্জাতিক আইন, রিপোর্ট, গাইডলাইন, ম্যানুয়াল প্রভৃতি নিয়মিত পর্যালোচনা ও বিশ্লেষণ

৭) আমদানি-রপ্তানি বাণিজ্যের কমপ্লায়েন্স তথ্য-উপাত্ত/নোটিফিকেশন/RASFF/মিথ্যা ঘোষণা/প্রতারণামূলক কার্যকলাপের ডাটাবেজ সংরক্ষণ ও বিশ্লেষণ এবং জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে সুনির্দিষ্ট পদ্ধতিতে যোগাযোগ রক্ষা

৮) জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার জন্য ঝুঁকি সতর্কতা জারি, বাণিজ্যের উপর প্রভাব সৃষ্টিকারী আঞ্চলিক ও আন্তর্জাতিক চুক্তি, বাজার, সাপ্লাই চেইন প্রভৃতি নিয়মিত পর্যবেক্ষণ এবং প্রাণিসম্পদ অধিদপ্তরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান

৯) ঝুঁকি ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে অনুসমর্থিত চুক্তি/নির্দেশিকা যথা, WTO TFA, WTO SPS Agreement, WTO TBT Agreement প্রভৃতি এবং WOAH Terrestrial Animal Health Code (Terrestrial Code), WOAH Manual of Diagnostic Tests and Vaccines for Terrestrial Animals (Terrestrial Manual), FAO and Codex Alimentarius International Food Standards, Hazard Analysis Critical Control Point (HACCP) বর্ণিত আন্তর্জাতিক মান বিশ্লেষণ, অনুসরণ ও কার্যকর সমন্বয় সাধন

১০) ঝুঁকি সম্পর্কিত তথ্য ও উপাত্ত বিনিময়ে প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন শাখা, কোয়ারেন্টাইন স্টেশন ও মান নিয়ন্ত্রণ ল্যাবসমূহের মাঝে কার্যকর সমন্বয় ও যোগাযোগ প্রতিষ্ঠা এবং ঝুঁকি ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক কাঠামো প্রণয়ন ও দায়িত্বাবলী ঘোষণা

১১) আমদানি-রপ্তানি পণ্য পরিদর্শন/কায়িক পরীক্ষণ, নমুনা ব্যবস্থাপনা ও বাণিজ্য ঝুঁকি ব্যবস্থাপনা সম্পর্কিত গাইডলাইন/ম্যানুয়াল/স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (SOP) প্রণয়ন ও বাস্তবায়ন

১২) ঝুঁকি প্রোফাইলের কার্যকারিতা যাচাইয়ে মাঠপর্যায়ের দপ্তর/খামার/বাণিজ্যিক এন্টারপ্রাইজ পরিদর্শন

১৩) খালাসকৃত পণ্যের খালাসোত্তর নিরীক্ষা (Post Clearence Audit) পরিচালনা এবং কাস্টমস ও অন্যান্য (জাতীয় ও আন্তর্জাতিক) সংস্থার সাথে ঝুঁকি সম্পর্কিত তথ্য-উপাত্ত, গোয়েন্দা তথ্য প্রভৃতি বিনিময়

১৪) বাংলাদেশ কাস্টমসের কম্পিউটার সিস্টেম (ASYCUDA), কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট (CRMC) ও অটোমেটেড রিস্ক ম্যানেজমেন্ট সিস্টেম (ARMS) এবং অন্যান্য সরকারি দপ্তরসমূহের অটোমেটেড সিস্টেমের সাথে Real time online connectivity প্রতিষ্ঠায় ইন্টিগ্রেশন/ইন্টারফেস স্থাপন এবং সিলেক্টিভিটি/ঝুঁকি মডিউল প্রণয়ন ও পরিচালনা

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

১৫) ঝুঁকি চিহ্নিতকরণ, বিশ্লেষণ ও নিরসনে কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণ প্রদানসহ ToT পুল গঠন এবং 'আন্তঃসীমান্ত বাণিজ্য ঝুঁকি ব্যবস্থাপনা' প্রশিক্ষণ মডিউল তৈরী

১৬) ঝুঁকি ও ঝুঁকি ব্যবস্থাপনার উপর জরিপ/সমীক্ষা/গবেষণা পরিচালনা ও প্রতিবেদন প্রকাশ এবং অংশীজন সমন্বয়ে জাতীয় ও আন্তর্জাতিক সভা/সেমিনার/কর্মশালা প্রভৃতির আয়োজন ও প্রচারের (অডিও-ভিজ্যুয়াল ও প্রিন্ট আইটেম) ব্যবস্থা গ্রহণ

১৭) ঝুঁকি ব্যবস্থাপনায় জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থা বা প্রতিষ্ঠান/দাতা সংস্থা/উন্নয়ন সহযোগীর সাথে স্বাক্ষরিতব্য সমঝোতা স্মারক, প্রটোকল ও চুক্তিপত্র প্রস্তুত বা মতামত প্রদান

১৮) ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিটের গোচরে বা নিয়ন্ত্রণে আসা দলিলাদি, নথি, তথ্য ও উপাত্ত, গোয়েন্দা তথ্য, সাক্ষ্য প্রভৃতির গোপনীয়তা বজায় রাখা এবং বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করা

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

আন্তঃসীমান্ত বাণিজ্য ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

☐ **পদের নাম: উপপরিচালক (রিস্ক ম্যানেজমেন্ট)** [ঝুঁকি ব্যবস্থাপনায় প্রাতিষ্ঠানিক নেতৃত্ব দান, ইউনিট কার্যক্রমের সমন্বয় সাধন এবং কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণের সার্বিক দায়িত্ব পালন করবেন]

১) ঝুঁকি ব্যবস্থাপনায় ঝুঁকি মানদন্ড (Standards) ও নির্দেশক (Indicators) নির্ধারণ, ঝুঁকি রেজিষ্টার প্রণয়ন এবং ঝুঁকি প্রোফাইলিংয়ে নেতৃত্ব প্রদান করবেন এবং এ সংশ্লিষ্ট কার্যক্রমের গোপনীয়তা বজায় রাখবেন

২) আন্তঃসীমান্ত বাণিজ্যের উদ্ভূত পরিস্থিতি বিবেচনায় নিয়মিত বিরতিতে ঝুঁকি মানদন্ড, ঝুঁকি নির্দেশক ও ঝুঁকি প্রোফাইলিংয়ের ফলাফল ও প্রভাব পর্যালোচনার উদ্যোগ গ্রহণ করবেন

৩) আমদানি ও রপ্তানি সম্পর্কিত নন-কমপ্লায়েন্স তথ্য-উপাত্ত, মিথ্যা ঘোষণা ও প্রতারণামূলক কার্যকলাপের রেকর্ড সংরক্ষণ ও বিশ্লেষণে নেতৃত্ব প্রদানসহ জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে যোগাযোগ রক্ষা করবেন এবং প্রাপ্ত তথ্য-উপাত্তের গোপনীয়তা বজায় রাখবেন

৪) জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার জন্য নির্দিষ্ট সিস্টেমে (RASFF) ঝুঁকি সতর্কতা জারি করবেন। প্রাণিসম্পদ সেক্টরের উপর প্রভাব সৃষ্টিকারী আঞ্চলিক ও আন্তর্জাতিক চুক্তি, বাজার, সাপ্লাই চেইন প্রভৃতি নিয়মিত পর্যবেক্ষণ করবেন এবং প্রাণিসম্পদ অধিদপ্তরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন

৫) বন্দর হতে খালাসকৃত পণ্যের খালাসোত্তর নিরীক্ষা (Post Clearence Audit) কার্যক্রমে নেতৃত্ব প্রদান করবেন

৬) প্রাণী ও প্রাণিজাত পণ্যের আন্তঃসীমান্ত বাণিজ্য ঝুঁকি ব্যবস্থাপনা গাইডলাইন, ম্যানুয়াল ও স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (SOP) প্রণয়ন, বাস্তবায়ন এবং নিয়মিত হালনাগাদ করবেন

৭) আমদানি-রপ্তানি পণ্য পরিদর্শন/কায়িক পরীক্ষণ (Physical Examination) ও নমুনা ব্যবস্থাপনা গাইডলাইন, ম্যানুয়াল এবং স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (SOP) প্রণয়ন, বাস্তবায়ন ও নিয়মিত হালনাগাদ করবেন

৮) ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক কর্মশালা, প্রশিক্ষণ, সেমিনার প্রভৃতিতে প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রতিনিধিত্ব করবেন; FAO, WOAH, Codex Alimentarius commission সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থার সাথে যোগযোগ ও সমন্বয় রক্ষা করবেন এবং বিভিন্ন প্রতিষ্ঠান/দাতা সংস্থা/উন্নয়ন সহযোগীর সাথে স্বাক্ষরিতব্য সমঝোতা স্মারক, প্রটোকল ও চুক্তিপত্র প্রস্তুত বা মতামত প্রদান করবেন

৯) ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিটের বার্ষিক প্রতিবেদন তৈরীর উদ্যোগ গ্রহণ, নেতৃত্ব প্রদান ও চূড়ান্তকৃত প্রতিবেদন মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরের নিকট উপস্থাপন করবেন

১০) উর্ধ্বতন কর্তৃপক্ষ অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন

☐ **পদের নাম: সিনিয়র সহকারী পরিচালক (ইমপোর্ট রিস্ক)** [প্রাণিসম্পদ খাতে আমদানি বাণিজ্য ঝুঁকি ব্যবস্থাপনার ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করবেন]

১) জাতীয় ও আন্তর্জাতিক উৎস থেকে আমদানি-রপ্তানি তথ্য-উপাত্ত দৈনিক ভিত্তিতে সংগ্রহ করবেন

২) প্রাণী ও প্রাণিজ পণ্যের আন্তর্জাতিক বাণিজ্য সম্পর্কিত দেশীয় ও আন্তর্জাতিক আইন, রিপোর্ট, গাইডলাইন, ম্যানুয়াল প্রভৃতি নিয়মিত অধ্যয়ন ও বিশ্লেষণ করবেন

৩) আমদানি পণ্য পরিদর্শন/কায়িক পরীক্ষণ ও নমুনা ব্যবস্থাপনা এবং বাণিজ্য ঝুঁকি ব্যবস্থাপনা সম্পর্কিত গাইডলাইন/ম্যানুয়াল/স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (SOP) প্রণয়ন, বাস্তবায়ন ও নিয়মিত হালনাগাদে সহায়তা করবেন

৪) আমদানি সম্পর্কিত নন-কমপ্লায়েন্স তথ্য-উপাত্ত, মিথ্যা ঘোষণা ও প্রতারণামূলক কার্যকলাপের রেকর্ড সংরক্ষণ ও বিশ্লেষণ করবেন এবং জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে যোগাযোগ রক্ষায় সহায়তা করবেন

৫) আমদানি বাণিজ্যে জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার জন্য নির্দিষ্ট সিস্টেমে (RASFF) ঝুঁকি সতর্কতা জারির প্রস্তাব করবেন এবং প্রাণিসম্পদ সেক্টরের উপর প্রভাব সৃষ্টিকারী আঞ্চলিক ও আন্তর্জাতিক চুক্তি, বাজার, সাপ্লাই চেইন প্রভৃতি নিয়মিত পর্যবেক্ষণে সহায়তা করবেন

৩

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৬) ঝুঁকি ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে অনুসমর্থিত চুক্তি যথা, WTO TFA, WTO SPS Agreement, WTO TBT Agreement প্রভৃতি এবং WOAH Terrestrial Animal Health Code (Terrestrial Code), WOAH Manual of Diagnostic Tests and Vaccines for Terrestrial Animals (Terrestrial Manual), FAO and Codex Alimentarius International Food Standards, Hazard Analysis Critical Control Point (HACCP) বর্ণিত আন্তর্জাতিক মান বিশ্লেষণ ও অনুসরণ করবেন

৭) ইস্যুভিত্তিক ঝুঁকিসমূহ যথা, পণ্য পরিদর্শন, কায়িক পরীক্ষণ (Physical Examination), রোগ-বালাই, আমদানি নীতি আদেশ ও ট্যাক্স সুবিধা কমপ্লায়েন্স, ডকুমেন্টেশন, ল্যাব টেস্ট প্রভৃতি চিহ্নিত ও মূল্যায়নে সহায়তা প্রদান করবেন

৮) কাস্টমস নিয়ন্ত্রণ থেকে খালাসকৃত পণ্যের খালাসোত্তর নিরীক্ষা (Post Clearence Audit) পরিচালনা করবেন

৯) ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিটের বার্ষিক প্রতিবেদন প্রস্তুতে সহায়তা করবেন

১০) উর্ধ্বতন কর্তৃপক্ষ অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন

☐ **পদের নাম: সিনিয়র সহকারী পরিচালক (এক্সপোর্ট রিস্ক)** [প্রাণিসম্পদ খাতে রপ্তানি বাণিজ্য ঝুঁকি ব্যবস্থাপনার ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করবেন]

১) জাতীয় ও আন্তর্জাতিক উৎস থেকে আমদানি-রপ্তানি তথ্য-উপাত্ত দৈনিক ভিত্তিতে সংগ্রহ করবেন

২) প্রাণী ও প্রাণিজ পণ্যের আন্তর্জাতিক বাণিজ্য সম্পর্কিত দেশীয় ও আন্তর্জাতিক আইন, রিপোর্ট, গাইডলাইন, ম্যানুয়াল প্রভৃতি নিয়মিত অধ্যয়ন ও বিশ্লেষণ করবেন

৩) রপ্তানি পণ্য পরিদর্শন/কায়িক পরীক্ষণ ও নমুনা ব্যবস্থাপনা এবং বাণিজ্য ঝুঁকি ব্যবস্থাপনা সম্পর্কিত গাইডলাইন/ ম্যানুয়াল/ স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (SOP) প্রণয়ন, বাস্তবায়ন ও নিয়মিত হালনাগাদে সহায়তা করবেন

৪) রপ্তানি সম্পর্কিত নন-কমপ্লায়েন্স তথ্য-উপাত্ত, মিথ্যা ঘোষণা ও প্রতারণামূলক কার্যকলাপের রেকর্ড সংরক্ষণ ও বিশ্লেষণ করবেন এবং জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে যোগাযোগ রক্ষায় সহায়তা করবেন

৫) রপ্তানি বাণিজ্যে প্রাণিসম্পদ সেক্টরের উপর প্রভাব সৃষ্টিকারী আঞ্চলিক ও আন্তর্জাতিক চুক্তি, বাজার, সাপ্লাই চেইন প্রভৃতি নিয়মিত পর্যবেক্ষণে সহায়তা করবেন

৬) ঝুঁকি ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে অনুসমর্থিত চুক্তি যথা, WTO TFA, WTO SPS Agreement, WTO TBT Agreement প্রভৃতি এবং WOAH Terrestrial Animal Health Code (Terrestrial Code), WOAH Manual of Diagnostic Tests and Vaccines for Terrestrial Animals (Terrestrial Manual), FAO and Codex Alimentarius International Food Standards, Hazard Analysis Critical Control Point (HACCP) বর্ণিত আন্তর্জাতিক মান বিশ্লেষণ ও অনুসরণ করবেন

৭) ইস্যুভিত্তিক ঝুঁকিসমূহ যথা, পণ্য পরিদর্শন, কায়িক পরীক্ষণ (Physical Examination), রোগ-বালাই, রপ্তানি নীতি আদেশ ও ট্যাক্স সুবিধা কমপ্লায়েন্স, ডকুমেন্টেশন, ল্যাব টেস্ট প্রভৃতি চিহ্নিত ও মূল্যায়নে সহায়তা প্রদান করবেন

৮) ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিটের বার্ষিক প্রতিবেদন প্রস্তুতে সহায়তা করবেন

৯) উর্ধ্বতন কর্তৃপক্ষ অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন

☐ **পদের নাম: সিনিয়র সহকারী পরিচালক (রিস্ক মিটিগেশন)** [বাণিজ্য ঝুঁকি ব্যবস্থাপনায় ঝুঁকি বিশ্লেষণ ও নিরসনে ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করবেন]

১) জাতীয় ও আন্তর্জাতিক উৎস থেকে প্রাপ্ত আমদানি-রপ্তানির তথ্য-উপাত্ত, গোয়েন্দা তথ্য প্রভৃতি বিশ্লেষণ করবেন

২) পণ্যের ধরন ও বর্ণনা, বর্ডার ক্রসিং পয়েন্ট, রোগ-বালাই, উৎস দেশ, শিপমেন্ট দেশ, পরিবহনের ধরন, আমদানি-রপ্তানিকারক, সরবরাহকারী, মৌসুম প্রভৃতির উপর ভিত্তি করে ঝুঁকি বিশ্লেষণপূর্বক ঝুঁকি মানদন্ড (Standards) ও নির্দেশকসমূহ (Indicators) নির্ধারণ এবং ঝুঁকি রেজিষ্টার ও প্রোফাইল প্রণয়ন করবেন

৩) আন্তঃসীমান্ত বাণিজ্যে বিরাজমান ঝুঁকির মাত্রা ও ব্যাপ্তি নির্ধারণ এবং ঝুঁকি নিরসন কৌশল প্রণয়ন করবেন

ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৬) ঝুঁকি সম্পর্কিত তথ্য ও উপাত্ত বিনিময়ে প্রাণিসম্পদ অধিদপ্তরের বিভিন্ন শাখা, কোয়ারেন্টাইন স্টেশন ও মান নিয়ন্ত্রণ ল্যাবসমূহের মাঝে কার্যকর সমন্বয় ও যোগাযোগ প্রতিষ্ঠা করবেন

৭) ঝুঁকি ব্যবস্থাপনা বাস্তবায়নে সরকারি-বেসরকারি স্টেকহোল্ডারদের জন্য ওরিয়েন্টেশন প্রোগ্রাম আয়োজন করবেন

৮) ঝুঁকি ব্যবস্থাপনার ক্ষেত্রে FAO, WOAH, Codex Alimentarius commission এবং অন্যান্য প্রাণী ও প্রাণিজ পণ্য সংশ্লিষ্ট আন্তর্জাতিক সংস্থার সাথে যোগাযোগ ও সমন্বয় রক্ষায় সহায়তা করবেন

৯) ঝুঁকি ব্যবস্থাপনায় জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থা বা প্রতিষ্ঠান/দাতা সংস্থা/উন্নয়ন সহযোগীর সাথে স্বাক্ষরিতব্য সমঝোতা স্মারক, প্রটোকল ও চুক্তিপত্র প্রস্তুত বা মতামত প্রদানে সহায়তা করবেন

১০) ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিটের বার্ষিক প্রতিবেদন প্রস্তুতে সহায়তা করবেন

১১) উর্ধ্বতন কর্তৃপক্ষ অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন

২৫/৭/৩২

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।